এই প্রশ্নপত্রটিতে **15** টি প্রশ্ন এবং **8** টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

কোড নং **71/S/203/A/B**

সেট - **A**

# বাংলা
# (203)

পরীক্ষার দিন ও তারিখ ____________________

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর 1. ____________________

2. ____________________

UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR

**সাধারণ নির্দেশাবলী ঃ**

**1.** পরিক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

**2.** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও প্রশ্নসংখ্যা প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রমানুসারে আছে কি না।

**3.** উত্তর-পুস্তিকার উপরে কোনোরকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নম্বর লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

**4.** আপনার প্রশ্নপত্রের কোড নং **71/S/203/A/B,** সেট **A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



UNNATI EDUCATION
9899436384: 9654-279-279

# বাংলা

# (203)

সময় ঃ 3 ঘন্টা] [পুর্ণমান ঃ 100

নির্দেশ ঃ (i) সমগ্র প্রশ্নপত্রটি তিন বিভাগে বিভক্ত।

(ii) এখানে মোট 15 টি প্রশ্ন রয়েছে।

(iii) সব প্রশ্ন বাধ্যতামূলক।

(iv) প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।

(v) প্রশ্ন সংখ্যা 1 থেকে 9 - এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য 1 নম্বর ধার্য করা হয়েছে। এগুলি মূলত এক শব্দ বিশিষ্ট প্রশ্ন। সত্য-মিথ্যা, ছক মেলানো, শূন্য স্থান পূরণ জাতীয়।

(vi) বিভাগ 'গ' - এ 2, 4, 6 নম্বরের প্রশ্ন আছে। 14 নং এবং 15 নং প্রশ্নের মান (6)।

UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR

**NOTE :**

(1) Answers of all questions are to be given in the Answer-Book given to you.

সমস্ত প্রশ্নের উত্তর আপনাকে প্রদান করা উত্তর পুস্তিকাতেই লিখতে হবে৷

(2) 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 02.15 p.m. From 02.15 p.m. to 02.30 p.m., the students will read the question paper only and will not write any answer on the Answer-Book during this period.

এই প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় ধার্য করা হয়েছে। দুপুর 02:15 মিনিটে আপনাকে প্রশ্নপত্র বিতরণ করা হবে৷ 02:15 থেকে 02:30 মিনিট সময়সীমার মধ্যে ছাত্র-ছাত্রীরা কেবল প্রশ্নপত্র পড়বেন, উত্তর পুস্তিকাতে কোনও উত্তর লিখবেন না৷



UNNATI EDUCATION
9899436384: 9654-279-279

## বিভাগ - 'ক'

1 পাঠক্রম অবলম্বনে প্রথম তালিকার সাথে দ্বিতীয় তালিকার সাথে সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন। 1×5=5

| প্রথম তালিকা | | ôÆ–ýß –ýôê¢ ˆ ýô | |
|---|---|---|---|
| (ক) | দাঁড়াও | (i) | দেশ জুড়ে আরও ভালো এক ছবি। |
| (খ) | শুধু ভাঙা নয় | (ii) | আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা। |
| (গ) | ওরা কাজ করে | (iii) | সন্ধে হলে মনে পড়ছে, রাতের বেলা মনে পড়ছে। |
| (ঘ) | কান্ডারী হুশিয়ার | (iv) | ঐ গঙ্গায় ডুবিয়াছে হায় ভারতের দিবাকর। |
| (ঙ) | ছাড়পত্র | (v) | রাজছত্র ভেঙ্গে পড়ে রণডঙ্কা শব্দ নাহি তোলে। |

2 নিম্নোক্ত মন্তব্যগুলির মধ্যে কোনটি সত্য খুজেঁ বের করুন। একই সাথে মিথ্যে মন্তব্যটি চিহ্নিত করুন : 1×5=5

(ক) সব ভাষারই একটি মান্য উপভাষা থাকে বলা ও লেখার জন্য। 1

(খ) বর্ণের লিখিত রূপ ধ্বনি। 1

(গ) 'এ', 'ও', 'তে' - হল অনুসর্গের উদাহরণ 1

(ঘ) বাংলা বর্ণমালাতে ১১ টি স্বরবর্ণ আছে। 1

(ঙ) 'ঔ' বর্ণটি 'ও + উ' বর্ণের মিলিত উচ্চারণ। 1

3 নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ-অশুদ্ধ বিচার করুন। 1×11=11

(ক) 'ধ্বংস' গল্পটি রবীন্দ্রনাথের 'গল্পসল্প' গ্রন্থ থেকে গৃহীত। 1

(খ) 'এপথ গেছে কোনখানে গো কোনখানে'- গানটি শোনপাংশুরা গেয়েছে। 1

(গ) 'মিলনের কথা' প্রবন্ধটির রচয়িতা 'কাজী আবদুল ওদুদ।' 1

(ঘ) ক্যামিল তার বাবাকে মালী রাখতে বলেছিল। 1

(ঙ) 'লোহার কাজ করি বইকি খুব করি'-বক্তা প্রথম শোনপাংশু। 1

(চ) অন্নদাশঙ্কর রায় ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধটি ১৯৭২ সালে লিখেছিলেন। 1

(ছ) চোট্টিমুন্ডা নামটি একটি নদীর নাম অনুসারে দেওয়া। 1

(জ) 'ছোঁয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র' এর মূল নাটিকের নাম 'অচলায়তন'। 1

(ঝ) তীর ছোঁড়া প্রতিযোগিতায় পুরস্কার দেওয়া হত একটি ঘোড়া। 1

(ঞ) নাট্যাংশে মোট দুইজন শোনপাংশুর কথা বলা হয়েছে। 1

(ট) পঞ্চক বজ্রবিদারণ মন্ত্র শোনপাংশুদের বলেছিল। 1



UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR
UNNATI EDUCATION
9899436384: 9654-279-279

4 প্রথম বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দ ভান্ডার থেকে যেকোন একটি শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ করুন। 1×5=5

(ক) 'এ________ভারী দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার'। 1

(তুফান/ কঠিন/প্রবল/দুরন্ত)

(খ) 'এসেছে নতুন________তাকে ছেড়ে দিতে হবে স্থান' 1

(মানুষ / পৃথিবী/শিশু/জনসাধারণ)

(গ) 'তবু যদি দুএকটি করেও পাঁপড়ি খুলে যায়'-খুলে যায় এর অর্থ________ 1

(খুলে পড়ে যায়/খসে যায়/বিকশিত হয়/পাখা মেলে)

(ঘ) 'একবার মাটির দিকে তাকাও/একবার________ দিকে'। 1

(পথের/মানুষের/পৃথিবীর/ধরণীর)

(ঙ) 'অঙ্গ বঙ্গ________ সমুদ্র নদীর ঘাটে ঘাটে 1

(কলিঙ্গের/উড়িষ্যার/গুজরাটের/পাঞ্জাবের)

5 নীচের মন্তব্যগুলি ক্রমানুসারে সাজান। প্রতিটি মন্তব্য 'চন্ডী মুন্ডা এবং তার তীর'গল্প থেকে গৃহীত। 1×4=4

(ক) ওরা চোট্টি নদীর তীরে ঘর বাঁধল। 1

(খ) পূর্তিমুন্ডা খুবই হতভাগ্য। 1

(গ) চোট্টি বলেছিল তীর ছোঁড়া হা-মরদ। গুলি ছোঁড়া না-মরদ। 1

(ঘ) লোকটির নাম চোট্টি মুন্ডা। 1

UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR

## বিভাগ - 'খ'

6 সঠিক উত্তর বেছে নিয়ে নিচের তথ্যগুলি পূরণ করুন। 1×5=5

(ক) 'ওরা কাজ করে' কবিতাটি রচনা করেছেন 1

(i) শক্তি চট্টোপাধ্যায় (ii) রবীন্দ্রনাথ ঠাকুর

(iii) সুভাষ মুখোপাধ্যায় (iv) জীবনানন্দ দাশ

(খ) 'একবার ভালো কবিরাজ ডেকে অচিরে দেখানো দরকার'- কবিরাজ কোন অর্থে ব্যবহৃত ? 1

(i) বৈদ্য (ii) হোমিওপ্যাথ

(iii) মনোরোগের চিকিৎসক (iv) সাধারণ চিকিৎসক

(গ) 'কান্ডারী হুঁশিয়ার' কবিতায় 'তিমির রাত্রি' কথাটির অর্থ - 1

(i) ঝড়ের রাত্রি (ii) অন্ধকার রাত্রি

(iii) বর্ষণের রাত্রি (iv) তারা ভরা রাত্রি



UNNATI EDUCATION
9899436384: 9654-279-279

(ঘ) 'জন্মভূমি আজ' কবিতায় মাথার উপর আছে- 1

(i) কালো আকাশ (ii) নীল আকাশ

(iii) আকাশ (iv) পাথর

(ঙ) 'ছাড়পত্র' কথাটির অর্থ কী ? 1

(i) অনুমতি পত্র (ii) অনধিকার পত্র

(iii) ছেড়ে দেওয়া চিঠি (iv) ছিঁড়ে যাওয়া চিঠি

(চ) 'তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও' - এখানে মানুষ শব্দটি কি অর্থে ব্যবহৃত হয়েছে ? 1

(i) সহৃদয় (ii) সাহসী

(iii) ধনী (iv) গরীব

7 যুক্তি ও মন্তব্য শুদ্ধ কিনা বিচার করুন: 1×5=5

(ক) যুক্তি:- প্রথম বিশ্বযুদ্ধে পিয়েরকে যুদ্ধে যেতে হয়েছিল। 1

মন্তব্য:- ওইসব দেশে যুদ্ধ লাগলে সাধারণ মানুষ, যুবকদের যুদ্ধে যোগদান করতে হয়, এটাই নিয়ম।

(i) যুক্তি শুদ্ধ মন্তব্য শুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য শুদ্ধ

(খ) যুক্তি:- 'ও অবাক হয়ে দেখল ওর জালে যে বালি উঠেছে তাতে সোনার কণা'। 1

মন্তব্য:- পূর্তিমুন্ডা যেখানেই হাত দেয় সোনা হয়ে যায়।

(i) যুক্তি শুদ্ধ ও মন্তব্য শুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি শুদ্ধ ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য শুদ্ধ

(গ) যুক্তি:- খেসারি ডাল পঞ্চকরা বাড়িতে ঢোকায় না। 1

মন্তব্য:- খেসারি ডাল খেলে অচলায়তনে সবাই অশুচি হয়ে যায়।

(i) যুক্তি শুদ্ধ ও মন্তব্য অশুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য শুদ্ধ

(ঘ) যুক্তি :- কথাবার্তা হাসি তামাশার মধ্য দিয়েও কাজের কথা বলা যায়। 1

মন্তব্য :- 'ছোয়াঁছুঁয়ি মন্ত্রতন্ত্র' নাট্যাংশই তার প্রমাণ।

(i) যুক্তি শুদ্ধ ও মন্তব্য অশুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (iv) মন্তব্য অশুদ্ধ

(ঙ) যুক্তি :- 'আমরা হিন্দু ও মুসলমান নই আমরা মানুষ'। 1

মন্তব্য :- সাম্প্রদায়িক ঐক্য সম্পর্কে 'মিলনের কথা'য় লেখকের সচেতনতা ও আগ্রহের কথা বলা হয়েছে।

(i) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (ii) যুক্তি শুদ্ধ

(iii) যুক্তি শুদ্ধ ও মন্তব্য অশুদ্ধ (iv) মন্তব্য অশুদ্ধ



UNNATI EDUCATION
9899436384: 9654-279-279

8 পরবর্তী লাইনটি খুঁজে ঠিক(✓) চিহ্ন দিন। 1×5=5

(ক) এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান। 1

(i) জান পৃথিবীতে ব্যর্থ, মৃত আর ধ্বংসস্তূপের পিঠে।

(ii) প্রাণপনে পৃথিবীর সরাব জঞ্জাল।

(খ) এসে দাঁড়াও ভেসে দাঁড়াও ভালোবেসে দাঁড়াও 1

(i) মানুষ বড় একলা তুমি তাহার পাশে দাঁড়াও।

(ii) মানুষ বড় কাঁদছে, তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও।

(গ) যদি তুমি ফসল ফলাতে না জানো। 1

(i) যদি তুমি বৃষ্টি আনার মন্ত্র ভুলে যাও।

(ii) মাটিতো আগুনের মতো হবেই।

(ঘ) জানি তারও পথ দিয়ে বয়ে যাবে কাল। 1

(i) জ্যোতিষ্কলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবেনা।

(ii) কোথায় ভাসায়ে দেবে সাম্রাজ্যের দেশ বেড়াজাল।

(ঙ) শিয়রে দাঁড়িয়ে থাবা তুলে আছে 1

(i) গলিত নখত্র রাত্রি।

(ii) পাছে কোন মদমত্ত হাতির পায়ে।

UNNATI EDUCATIONS EK KADAM UNNATI KI AUR

9 প্রবন্ধ থেকে গৃহীত সম্ভাব্য উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি বেছে নিন। 1×4=4

(ক) 'মিলনের কথা' প্রবন্ধে রহিম শেখ ও হরি মন্ডলের মধ্যে কোন বিষয়ে অমিল খুঁজে পাওয়া যায় ? 1

(i) দারিদ্রে

(ii) আহারে

(iii) সুসময়ে ভালো খাওয়াদাওয়া করে

(iv) পেশাতে

(খ) 'এলিৎ' শব্দটির অর্থ সমাজের সেরা অংশ। 'এলিৎ' শব্দটি কোন দেশের শব্দ ? 1

(i) গ্রীস (ii) জার্মান

(iii) ভারতীয় (iv) ফরাসী

(গ) আমাদের পাঁচ হাজার বছরের সংস্কৃতি কয়টি যুগ অতিক্রম করে এসেছে ? 1

(i) দুই (ii) তিন

(iii) পাঁচ (iv) ছয়

(ঘ) হিন্দু ও মুসলমানের দুটি বড় উৎসব আছে একটি দুর্গোৎসব, অন্যটি কি ? 1

(i) রাস উৎসব (ii) সরস্বতী পূজা

(iii) ঈদ (iv) যীশুর জন্মদিন পালন



UNNATI EDUCATION
9899436384: 9654-279-279

## বিভাগ - 'গ'

10 প্রতিটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন। 2×6=12

(ক) পিয়ের শোঁপ্যার সারাজীবনের শখ কি ছিল ? 2

(খ) শোনপাংশুদের কোন কোন কাজকে পঞ্চক খারাপ কাজ বলে মনে করতো ? 2

(গ) 'হাতেখড়ি'র আক্ষরিক অর্থ কি? এটি মিলনের কথা প্রবন্ধে কী হিসাবে স্থান পেয়েছে ? 2

(ঘ) 'দিকচক্রচন্দ্রিকা' নামক পুঁথিতে কী কী কাজের কথা আছে ? 2

(ঙ) নবজাগরণ কোন শতাব্দীর কোন যুগে হয় ? রবীন্দ্রনাথকে এযুগে কিরূপ স্থান দেওয়া হয়েছিল ? 2

(চ) দোল-দুর্গোৎসব কী ? 2

11 সন্ধিবদ্ধ পদ দিয়ে নতুন বাক্য রচনা করুন:(যেকোন পাঁচটি) 2×5=10

(ক) নিঃ + রব 2

(খ) অতি + ইতি 2

(গ) শারদ + উৎসব 2

(ঘ) রবি + ইন্দ্র 2

(ঙ) মরু + উদ্যান 2

(চ) বাক্ + ঈশ 2

UNNATI
EDUCATIONS

12 (ক) ধ্বনি ও বর্ণ কাকে বলে ? বাংলা ভাষায় কটি বর্ণমালা আছে? যে কোনও একটি বর্ণমালার দুটি বৈশিষ্ট্য লিখুন। 4+4=8

অথবা

(খ) চলিত ভাষা কাকে বলে? সাধু ও চলিত ভাষার দুটি পার্থক্য নিরূপন করুন। 4+4=8

13 এককথায় প্রকাশ করে একটি করে বাক্য রচনা করুন। (যেকোন চারটি) 2×4=8

(ক) যার শত্রু জন্মেনি। 1

(খ) যা বচনে প্রকাশ করা যায় না। 1

(গ) ইটের গৃহ নির্মাণ করে যে। 1

(ঘ) মৃত্যুকালে যে ঘাম হয়। 1

(ঙ) সদলে এসে শষ্য নষ্ট করে যারা। 1



UNNATI EDUCATION
9899436384: 9654-279-279

**14** নিচের অংশটি পড়ে বিষয়বস্তু সংক্ষেপে লিখুন। **6×1=6**

দেখ আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করে চোর হইয়াছি ? খাইতে পাইলে কে চোর হয় ? দেখ, যাহারা বড় বড় সাধু চোরের নামে শিহরিয়া উঠেন, তাহারা অনেক চোর অপেক্ষাও অধার্মিক। তাহাদের চুরি করিবার প্রয়োজন নাই বলিয়াই চুরি করেন না। কিন্তু তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি যে মুখ তুলিয়া চাহেন না, ইহাতেই চোর চুরি করে। অধর্ম চোরের নহে - চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ ধনীর। চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী। চোরের দন্ড হয়। চুরির মূল যে কৃপণ তাহার দন্ড হয় না কেন ?

**15** নিচের যেকোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন: **6×1=6**

(ক) বিজ্ঞান ও মানবজীবন: **6**
(ভূমিকা-বিজ্ঞানের ক্রমবিকাশ-কুসংস্কার-বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞানের অগ্রগতি-উপসংহার)

(খ) খেলাধুলোয় ভারত : **6**
(ভূমিকা-খেলাধুলোর উপযোগীতা-বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা-বিশ্ব ক্রীড়াঙ্গনে ভারতের স্থান-উপসংহার)

(গ) বাংলার লোকসংস্কৃতি: **6**
(ভূমিকা-লোকসাহিত্য -লোকসংস্কৃতির পালাপার্বন-উৎসব-লোকসংস্কৃতির প্রভাব -উপসংহার)

(ঘ) সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা: **6**
(ভূমিকা-সাহিত্য জীবনের কাব্যভাষা-বিষয় বৈচিত্র্য মনের পুষ্টিসাধন-ব্যবহারিক প্রয়োজনীয়তা-উপসংহার)

UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR

---



UNNATI EDUCATION
9899436384: 9654-279-279